


নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮. ১৮-৫৫

তারিখ: ২০/০৭/২০১৮

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০১৮ সালের হজ কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

- আগামী ১১ জুলাই ২০১৮ খ্রি., বুধবার সকাল ১০টায় হজ ক্যাম্প, আশকোনা, ঢাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২০১৮ সালের হজ কার্যক্রম উদ্বোধন করবেন। অনুষ্ঠানটি টেলিভিশনের আউটপুট থেকে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।
- ২। উক্ত অনুষ্ঠানের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। সরাসরি অনুষ্ঠান সম্প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, জাতীয় অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবর্তা ও আযান ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে এবং ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
 - ৪। উক্ত অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৫। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৬। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের দায়িত্ব অর্পণসহ অনুষ্ঠান প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠান যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
 - ৭। অনুষ্ঠান প্রচারকালীন ফিলার হিসেবে অনুমোদিত অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
 - ৮। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৯। ঢাকা কেন্দ্রের বহিঃসম্প্রচার সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্টুডিওতে উপস্থিত থেকে উক্ত অনুষ্ঠান তত্ত্বাবধানের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
 - ১০। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


সাইফউদ্দিন আহমেদ
উপমহাপরিচালক, অনুষ্ঠান
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৪৪৮১৩০৬৭।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র, ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাতার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।